# উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি    এএইচ ইরফান উদ্দিন আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

তারিখ    ১৭/০৮/২০২৩ খ্রিঃ

সভার সময়    দুপুর ১২.০০ ঘটিকায়

স্থান    উপজেলা পরিষদ মিলনায়তন, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

উপস্থিতি    পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভাপতি সদস্য সচিব, উপজেলা কৃষি অফিসারকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| <u>১। সারের বরাদ্দ, উত্তোলন, বিতরণ ও মজুদ পরিস্থিতি সংক্রান্ত আলোচনা:</u> সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান যে বিজয়নগর উপজেলায় বর্তমানে ইউরিয়া-১৯১ মে. টন, টিএসপি ২৫ মে. টন, এমওপি ৪৮ মে. টন ও ডিএপি ১০৪ মে. টন সার মজুদ আছে। বর্তমানে সারের মজুদ সন্তোষজনক। ডিলারগণ সময়মত সার উত্তোলন, প্রশাসনিক সার্বিক সহযোগিতা এবং সুষ্ঠু মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। ডিলারগণ যেন বরাদ্দকৃত সমস্ত ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সার দ্রুত উত্তোলন ও সংশ্লিষ্ট গুদামে মজুদ করে আগমনী বার্তা জমা যথাসময়ে প্রদান করেন ও সুষ্ঠু মনিটরিং উপর সভাপতি অধিক গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য তিনি সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ করেন। | ১. ক) বরাদ্দকৃত সমস্ত ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সার ডিলারগণ দ্রুত উত্তোলনের ব্যবস্থা করে আগমনী বার্তা যথাসময়ে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার এবং বিএফএ, ব্রাহ্মণবাড়িয়া |
| <u>২। বিক্রয়রশিদে ক্রেতার মোবাইল নম্বর, মজুদ রেজিস্টার, বিক্রয় রেজিস্টার নিশ্চিতকরন সংক্রান্ত আলোচনা:</u> সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান যে সার ডিলারদের দোকান মনিটরিং এর সময় অনেকাংশে দেখা যায়, বিক্রয় রেজিস্টার, মজুদ রেজিস্টারে হালনাগাদ তথ্য থাকেনা বিক্রয় রশিদে ক্রেতার মোবাইল নম্বর পাওয়া যায়না এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২. ক) ডিলারগণ বিক্রয় রশিদে ক্রেতার মোবাইল নম্বর, মজুদ রেজিস্টার, বিক্রয় রেজিস্টার হালনাগাদ তথ্য নিশ্চিত করবেন। এব্যাপারে কোনরুপ গাফিলতি পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার, বিএফএ, ব্রাহ্মণবাড়িয়া |
| <u>৩। গুদাম ঘর নিশ্চিতকরণ সংক্রান্ত আলোচনা:</u> সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান যে বিসিআইসি ডিলারদের ৫০মে.টন ধারন ক্ষমতা সম্পন্ন গুদামঘর থাকার বিধান থাকলেও দেখা যায় যে কিছু কিছু ডিলারের ৫০মে.টন ধারন ক্ষমতা সম্পন্ন গুদামঘর নেই আবার কেউ কেউ খুচরা ডিলারের গুদামঘর ব্যবহার করছেন যাহা সার বিধিমালা এর পরিপন্থি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২. ক) বিসিআইসি ডিলারগণ কমপক্ষে ৫০মে.টন ধারন ক্ষমতা সম্পন্ন গুদামঘরের অবস্থান জমির দাগনং ও খতিয়ান নং সহ আগামী ২(দুই) সপ্তাহের মধ্যে নিশ্চিত করবেন। | উপজেলা কৃষি অফিসার এবং বিএফএ, ব্রাহ্মণবাড়িয়া |

| | | |
|---|---|---|
| **৪। খুচরা সার ডিলার নিয়োগ/বাতিলকরণ সংক্রান্ত আলোচনা:** সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান যে সিঙ্গারবিল ও হরষপুর ইউনিয়নে ০২(দুই)জন খুচরা সার ডিলার মৃত্যুবরণ করায় উক্ত পদদুটি শুন্য হয়। তাছাড়াও দেখা যায় যে অনেকে খুচরা সার ডিলারের কার্ড নিয়ে তারা আর নিয়মিত ব্যবসা করছেননা অথবা অনেকে মৌসুমে ব্যবসা করছেন। এমতাবস্থায় যে সকল খুচরা সার ডিলার কার্ড নিয়ে নিয়মিত ব্যবসা করছেননা অথবা মৌসুমে ব্যবসা করছেন তাদের তালিকা তৈরী তাদেরকে নিয়মিত ব্যবসা পরিচালনা করার জন্য নোটিশ প্রদান এবং যে সকল ইউনিয়নে খুচরা সার ডিলারের শুন্যপদ রয়েছে সেগুলোতে খুচরা সার ডিলার নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়। | ৩. ক) অনিয়িমিত অথবা ব্যবসা করেননা এরকম খুচরা সার ডিলারের তালিকা তৈরী করে ২(দুই) সপ্তাহের মধ্যে ব্যবসা পরিচালনা করার জন্য নোটিশ প্রদান করবেন।<br>খ) শুন্য পদে নিয়োগের বিষয়ে দ্রুত ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার |
| **৫।মৃত্যুজনিত কারণে স্বাত্তাধিকারী নাম পরিবর্তন সংক্রান্ত আলোচনা**<br>সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান যে অত্র উপজেলার বিসিআইসি সার ডিলার মেসার্স নারায়ন চন্দ্র রায় এর প্রোঃ নারায়ন চন্দ্র রায় বিগত ১৭/০৪/২০২৩ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করার কারণে ০৭/০৫/২৩ তারিখের উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ০১ মাসের মধ্যে মেসার্স নারায়ন চন্দ্র রায় এর ডিলারশীপটি তাঁর উপযুক্ত ওয়ারীশ এর নামে হস্তান্তরের স্বপক্ষে কাগজ পত্রাদি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদনের জন্য দাখিল করতে বলা হয় কিন্তু প্রায় ০৩ মাস গত হলেও অদ্যবধি তার ওয়ারীগণ প্রয়োজনীয় কাগজপত্রাধি জমা দিতে ব্যর্থ হয়েছেন। এতে করে তার ওয়ারীশগন নিরুদ্দেশ রয়েছেন কিনা এবং মেসার্স নারায়ন চন্দ্র রায় এর বরাদ্দকৃত সার সমুহ সকল ডিলারের মাঝে বিভাজন করে দেওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.ক)মেসার্স নারায়ন চন্দ্র রায় এর ডিলারশীপটি তাঁর উপযুক্ত ওয়ারীশ এর নামে হস্তান্তরের স্বপক্ষে কাগজ পত্রাদি দ্রুত জমাদানের জন্য নোটিশ প্রদান করবেন।<br>খ) মেসার্স নারায়ন চন্দ্র রায় এর নামে বরাদ্দকৃত সার বাকী ডিলারদের মাঝে বিধি মোতাকুবক বরাদ্দ প্রদান করবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার |

**৬। বীজের চাহিদা নির্ধারণ সংক্রান্ত আলোচনা:** সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষককে নতুন নতুন জাত আবাদের বিষয়ে কৃষি বিভাগ সার্বক্ষনিক পরামর্শ দিয়ে আসছেন। আগামী বোরো মৌসুমে নতুনজাত আবাদ ও উৎপাদন বৃদ্দির লক্ষে নিম্নোক্ত বীজের চাদিা নিরুপন করা হয় উক্ত চাহিদা অনুযায়ী বীজ ডিলারদেরকে বীজ বিক্রয়ের জন্য বরাদ্দ দিতে বিএডিসি(বীজ), ব্রাহ্মণবাড়িয়া প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

| জাতের নাম | ২০২২-২৩ বছরে আবাদকৃত জমি(হেঃ) | ২০২৩-২৪বছরে আবাদকৃত জমি(হেঃ)(লক্ষ্য মাত্রা) | ২০২২-২৩বছরে বোরো বীজের চাহিদা (মে.ট.) |
|---|---|---|---|
| ব্রিধান-২৮ | ৪৯১৫ | ২৫০০ | ৬২.৫ |
| ব্রিধান-২৯ | ২৪২৫ | ২০০০ | ৫০ |
| ব্রিধান-৫৮ | ৯০০ | ৪০০ | ১০ |
| ব্রিধান-৬৩ | ২০ | ২০ | .৫০ |
| ব্রিধান-৭৪ | ৬০ | ৬০ | ১.৫০ |
| ব্রিধান-৮১ | ১৯০ | ৫০ | ১.২৫ |
| ব্রিধান-৮৪ | ১০০ | ১০০ | ১.৫০ |
| ব্রিধান-৮৬ | ৪০ | ৪০ | ১.০০ |
| ব্রিধান-৮৮ | ১৯৮০ | ৩০০০ | ৭৫.০ |
| ব্রিধান-৮৯ | ১৬৫০ | ২০০০ | ৫০.০ |
| ব্রিধান-৯২ | ৪০০ | ৮০০ | ১০.০ |
| ব্রিধান-৯৬ | ৪৫ | ৯০০ | ২২.৫০ |
| ব্রিধান-১০০ | ১৫ | ৮০০ | ২০.০ |
| উপমোট | ১২৭৪০ | ১২৬৭০ | ৩০৫.৭৫ |
| টিয়া | ৪৫ | ৪৫ | .৬৭ |
| এসএল৮এইচ | ৩২০ | ৩২০ | ৪.৮০ |
| সিনজেনটা-১২০৩ | ৪১০ | ৪৮০ | ৭.২০ |
| সিনজেনটা-১২০৫ | ৪০ | ৪০ | .৬০ |
| সিনজেনটা-১২০৬ | ৩৫ | ৩৫ | .৫২ |
| উপমোট | ৮৫০ | ৯২০ | ১৩.৭৯ |
| সব মোট | ১৩৫৯০ | ১৩৫৯০ | ৩১৯.৫৪ |

বিঃদ্রঃ-প্রণোদনা/পূনবাসন কর্মসূচীও প্রদশনীর বীজের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বীজের চাহিদা কমবেশী হতে পারে।

৬.ক) বিএডিসি(বীজ),ব্রাহ্মণবাড়িয়া, আবাদ ও উৎপাদন বৃদ্দির লক্ষ্যে নতুনজাত সম্প্রসারণের জন্য বীজের চাহিদা অনুযায়ী বিজয়নগরের বীজ ডিলারদের মাঝে বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার এবং বিএডিসি(বীজ), ব্রাহ্মণবাড়িয়া

| | | |
|---|---|---|
| **৭। সার মনিটরিং জোরদারকরণ সংক্রান্ত আলোচনা**<br>সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান বিসিআইসি ডিলারগণ যাতে সময়মত সার উত্তোলন করে দ্রুত আগমনী বার্তা জমা প্রদান করেন সে ব্যাপারে আরও তৎপর হওয়ার জন্য বিএফএ, বিজয়নগরকে অনুরোধ করেন এবং অধিকতর কার্যকরী ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করে বলেন নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিত করার লক্ষ্যে সার মনিটরিং ব্যবস্থা জোরদারকরণসহ সকল প্রকার সারের মূল্য জনসাধারণকে অবহিত করার নিমিত্ত ব্যাপক মাইকিং, লাল সালু কাপড়ে মূল্য তালিকা লিখে দোকানের সামনে টানানোসহ বিভিন্ন পরামর্শ দেয়া হয়। তাছাড়া উপসহকারী কৃষি অফিসারগন নিয়মিত সারের দোকান মনিটরিং ও সারের মজুদ যাচাই বিষয়ে বিস্তারি আলোচনা হয়। | ৩) ক. সার মনিটরিং কার্যক্রম নিয়মিতভাবে চালিয়ে যেতে হবে।<br><br>খ) উপসহকারী কৃষি অফিসারগন নিয়মিত সারের দোকান মনিটরিং ও মজুদ করবেন।<br><br>গ. সকল ক্ষেত্রে যাতে নির্ধারিত মূল্যে সার বিক্রয় হয় সে ব্যাপারে সার মনিটরিং জোরদারকরণসহ যাবতীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার এবং বিএফএ, ব্রাহ্মণবাড়িয়া |

সভাপতি আবারো সঠিক সময়ে সার উত্তোলন, আগমনী বার্তা জমা প্রদান, রশিদের মাধ্যমে কৃষকের নিকট সার বিক্রয় নিশ্চিতকরণসহ সুষ্ঠ মনিটরিং এর উপর গুরুত্বারোপ করেন এবং সংশ্লিষ্ট সকলকে অধিকতর সক্রিয় হওয়ার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৮/২০২৩

এএইচ ইরফান উদ্দিন আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং: ৩৫৬ তারিখ: ২৭/৮/২৩

অনুলিপি সদয় আবগতির জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং,ব্রাহ্মণবাড়িয়া।

২। উপপরিচালক, ডিএই,ব্রাহ্মণবাড়িয়া ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং,ব্রাহ্মণবাড়িয়া।

৩। জনাব..............................................................সদস্য(সকল)

৪। অফিস নথি

২৭/০৮/২০২৩

শাব্বির আহমেদ
উপজেলা কৃষি অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
ও
সদস্য সচিব
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।